14

দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP 1 0 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ১৬ই সেপ্টেম্বর চট্টগ্রাম ভার্সিটি পুনরায় খোলার সম্ভাবনা

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের লক্ষ্যে ছাত্র সংগঠনসমূহের সহিত আলোচনার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গঠিত লিয়াজোঁ কমিটি আগামীকাল শনিবার ভিসি অধ্যাপক আবদুল মান্নান-এর নিকট তাহাদের রিপোর্ট পেশ করিবেন। আগামী ১৬ই সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ শুরু হওয়ার সম্ভাবনা রহিয়াছে। তবে আগামী ১১ই সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

ছাত্রশিবির বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে আয়োজিত গতকাল বৃহস্পতিবার এক সাংবাদিক সম্মেলনে বলিয়াছে, অছাত্রদের সহিত আঁতাতের মাধ্যমে নয়, অবিলম্বে আন্তঃক্যাম্পাস বাস চালু করিয়া বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়া হউক। সাংবাদিক সম্মেলনে ৪ দফা দাবী পেশ করা হয়। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন মুজিবুর রহমান মঞ্জু, আবদুল হান্নান, ফরিদ উদ্দিন নিজামী প্রমুখ।